মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের জেলা পর্যায়ের প্রতিযোগীতার উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী খেলায় মুজিবনগর উপজেলাকে ৪-১ গোলে হারিয়ে সদর উপজেলা একাদশ ফাইনালে উঠেছে। আগামী ১ আগষ্ট শনিবার ফাইনালে ২য় খেলার বিজয়ী দলের মুখোমুখি হবে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা স্টেডিয়ামে প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাবেদ মাসুদ মিল্টন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থপ্রতিম শীল, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. নজরুল কবীর, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ও উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ উদ্দিন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম এবং জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রাকিবুল হাসান, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, এস্তামুল হক ও ভুবন চন্দ্র হালদার এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান।

উদ্বোধনী ম্যাচে মেহেরপুর সদর উপজেলা ৪-১ গোলে মুজিবনগর উপজেলাকে পরাজিত করে টুর্নামেন্টে শুভ সূচনা করে। বিজয়ী দলের পক্ষে হিমেল জোড়া গোল করেন। এছাড়া কিরণ ও মিরাজ একটি করে গোল করেন। মুজিবনগর উপজেলার পক্ষে একমাত্র গোলটি করেন সাকিব।

দুর্দান্ত নৈপুণ্য প্রদর্শনের জন্য হিমেল ম্যাচ সেরা (ম্যান অব দ্য ম্যাচ) নির্বাচিত হন। তার অসাধারণ পারফরম্যান্সে মেহেরপুর সদর উপজেলা বড় জয় নিয়ে টুর্নামেন্টে যাত্রা শুরু করে।

মেঘলা আবহাওয়া সত্ত্বেও জেলা স্টেডিয়ামের গ্যালারিতে দর্শকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। উদ্বোধনী অনুষ্ঠান ও ম্যাচ ঘিরে ফুটবলপ্রেমীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে।

গাংনীতে ফুটবল খেলতে গিয়ে মাঠেই লুটিয়ে মৃত্যু কিশোরের

মেহেরপুরের গাংনী উপজেলার আজান গ্রামে ফুটবল খেলতে গিয়ে মাঠেই লুটিয়ে পড়ে রাব্বি (১৭) নামে এক কিশোরের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) বিকেলে এ মর্মান্তিক ঘটনা ঘটে।

নিহত রাব্বি মেহেরপুর সদর উপজেলার মিজার আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতো বৃহস্পতিবার বিকেলে বন্ধুদের সঙ্গে আজান গ্রামের ফুটবল মাঠে খেলতে যান রাব্বি। খেলা চলাকালে হঠাৎ তিনি বুকে তীব্র ব্যথা অনুভব করেন এবং কিছু বুঝে ওঠার আগেই মাঠেই লুটিয়ে পড়েন। এ সময় খেলোয়াড় ও দর্শকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

পরে স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. নাহিদ জানান, হাসপাতালে আনার আগেই রাব্বির মৃত্যু হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, স্ট্রোকজনিত কারণেই তার মৃত্যু হয়ে থাকতে পারে। তবে ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে।

গাংনী থানার ওসি (তদন্ত) আল মামুন বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ঘটনাটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

হাসিমুখে ফুটবল খেলতে নেমে অল্প সময়ের ব্যবধানে এক কিশোরের এমন আকস্মিক মৃত্যুতে পরিবার, স্বজন, বন্ধু ও স্থানীয়দের মধ্যে

অভিযুক্ত ইউনিয়ন পরিষদের হেফাজতেই বীজ সংরক্ষণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ১ নম্বর দারিয়াপুর ইউনিয়ন পরিষদে কৃষি প্রণোদনার পাটবীজ বিতরণ না করে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

গতকাল বুধবার বিকেলে দারিয়াপুর গ্রামের দক্ষিণপাড়ায় ১১ বস্তা, মোট ৫৫০ প্যাকেট (প্রতি প্যাকেট ১ কেজি) পাটবীজ ভ্যানে করে নিয়ে যাওয়ার সময় স্থানীয় জনতা পথরোধ করে।

অভিযোগ অনুযায়ী, চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বোয়ালমারী গ্রামের বীজ ব্যবসায়ী আফতাব আলী ইউনিয়ন পরিষদের সচিব কামরুজ্জামানের কাছ থেকে প্রতি কেজি ২৫ টাকা দরে এসব বীজ ক্রয় করেন।

স্থানীয় কৃষকদের অভিযোগ, ইউনিয়ন পরিষদ থেকে পাটবীজ বিতরণের বিষয়ে তাদের কোনো ধরনের অবহিত করা হয়নি। কৃষকদের মধ্যে বিতরণ না করে সরকারি প্রণোদনার বীজ বিক্রি করে দেওয়া হয়েছে বলে তারা দাবি করেন। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

অভিযোগের বিষয়ে ইউনিয়ন পরিষদের সচিব কামরুজ্জামান বলেন, পাটবীজের সঙ্গে সার না থাকায় কৃষকরা বীজ নিতে পরিষদে আসেননি। পরে বীজের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় প্রশাসকের অনুমতি সাপেক্ষে সেগুলো বিক্রি করা হয়েছে।

তবে দারিয়াপুর ইউনিয়ন পরিষদের প্রশাসক ও উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মনিরুজ্জামান বলেন, বীজ বিক্রির বিষয়ে সচিব তাকে কিছু জানাননি। বীজ বিক্রির সময় তিনি ইউনিয়ন পরিষদে উপস্থিতও ছিলেন না

এবং বিষয়টি সম্পর্কে তার কোনো পূর্বজ্ঞান ছিল না।

এ বিষয়ে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা রাশেদুজ্জামান আনুষ্ঠানিকভাবে কোনো মন্তব্য করতে রাজি হননি।

ঘটনাস্থলে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার উপপরিদর্শক কামরুজ্জামান জিয়া। তবে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, বীজ জব্দ করা হয়নি। এ বিষয়ে ইউনিয়নের প্রশাসক ও উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাই ভালো বলতে পারবেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা জানান, জেলা পাট উন্নয়ন কর্মকর্তা ঘটনাস্থলে উপস্থিত হয়ে বীজগুলো ইউনিয়ন পরিষদের প্রশাসকের জিম্মায় সংরক্ষণের সিদ্ধান্ত দেন।

এদিকে, যে ইউনিয়ন পরিষদকে কেন্দ্র করে বীজ বিক্রির অভিযোগ উঠেছে, সেই ইউনিয়ন পরিষদের প্রশাসকের কাছেই বীজ সংরক্ষণের সিদ্ধান্ত নেওয়ায় স্থানীয়দের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। অভিযোগের নিরপেক্ষ তদন্ত নিশ্চিত করতে বীজ অন্য কোনো সরকারি দপ্তর বা থানার হেফাজতে রাখা উচিত ছিল কি না—এ নিয়েও আলোচনা চলছে।

মেহেরপুর হাসপাতালে দুর্নীতি ও অব্যবস্থাপনার প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে দুর্নীতি, রোগীদের দুর্ভোগ ও অব্যবস্থাপনার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করেছে সচেতন নাগরিক সমাজ।

বৃহস্পতিবার (৩০ জুলাই) সকাল ১১টার দিকে হাসপাতাল চত্বরে এ মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে বিভিন্ন শ্রেণি-পেশার সচেতন নাগরিক অংশ নেন।

সমাবেশে বক্তব্য দেন দেশীয় সাংস্কৃতিক সংসদের পরিচালক ইব্রাহিম হিমু, সচেতন নাগরিক সমাজের প্রতিনিধি আব্দুল আলিম এবং বাংলাদেশ ব্লাড ডোনেট সোসাইটির প্রতিনিধি ইব্রাহিম হোসেন।

বক্তারা হাসপাতালের চিকিৎসাসেবা, পরীক্ষা-নিরীক্ষা, রোগী ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রমে অনিয়মের অভিযোগ তুলে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

সমাবেশে ভুক্তভোগী আমঝুপি ইউনিয়নের ময়ামারি গ্রামের বাসিন্দা হাবিবুর রহমান অভিযোগ করেন, তিনি চিকিৎসকের পরামর্শে একটি এক্স-রে করানোর জন্য হাসপাতালে আসেন। কিন্তু হাসপাতালের সংশ্লিষ্ট কর্মচারীরা তাকে জানান, সেখানে পরীক্ষা করা সম্ভব নয় এবং বাইরে থেকে করাতে হবে। এ ঘটনায় তিনি ক্ষোভ প্রকাশ করেন।

পরে সচেতন নাগরিক সমাজের একটি প্রতিনিধি দল হাসপাতালের তত্ত্বাবধায়কের সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি হাসপাতালে উপস্থিত ছিলেন না বলে জানা যায়। প্রতিনিধিরা ফোনে কথা বলার চেষ্টা করলে চিকিৎসক ডা. ফজলুর রহমান তার সঙ্গে যোগাযোগ করেন। তবে তত্ত্বাবধায়ক প্রতিনিধিদের সঙ্গে কথা বলতে অনীহা প্রকাশ করেন বলে অভিযোগ করা হয়।

সচেতন নাগরিক সমাজের নেতারা বলেন, জনসেবামূলক প্রতিষ্ঠানের দায়িত্বশীল কর্মকর্তার এ ধরনের আচরণ দুঃখজনক।

আজ জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট

মেহেরপুর জেলা প্রশাসক গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে টুর্নামেন্টের সব খেলা মেহেরপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব রকিবুল হাসান রিপন স্বাক্ষরিত

সূচি অনুযায়ী, আজ বিকেলে উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা একাদশ।

আগামী ৩১ জুলাই দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হবে মেহেরপুর পৌরসভা একাদশ ও গাংনী উপজেলা একাদশ। দুটি সেমিফাইনালে বিজয়ী দল আগামী ১ আগস্ট ফাইনাল খেলায় অংশ নেবে।

টুর্নামেন্টকে ঘিরে জেলার ফুটবলপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। আয়োজকরা জানিয়েছেন, প্রতিটি ম্যাচে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলা উপভোগ করবেন দর্শকরা। জেলার চারটি শক্তিশালী দল নিয়ে আয়োজিত এ টুর্নামেন্টের সফল আয়োজনের জন্য ইতোমধ্যে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

এনসিপি নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ

হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকেলে মেহেরপুর জেলা এনসিপির কার্যালয়ের সামনে এ সমাবেশের আয়োজন করে জেলা এনসিপি। এতে জেলা কমিটির নেতাকর্মীরা অংশ নেন।

সমাবেশে বক্তারা অভিযোগ করেন, হবিগঞ্জে এনসিপির নেতাকর্মীদের ওপর পরিকল্পিতভাবে হামলা চালানো হয়েছে। তারা এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে হামলার সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের রাজনৈতিক সহিংসতা বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

বক্তারা বলেন, রাজনৈতিক মতপ্রকাশ ও গণতান্ত্রিক কর্মসূচি পালনের অধিকার সবার জন্য নিশ্চিত করতে হবে। তারা অভিযোগ করেন, সাম্প্রতিক হামলার ঘটনাগুলো রাজনৈতিক সহিংসতারই বহিঃপ্রকাশ। তবে

এসব বক্তব্য সমাবেশে উপস্থিত নেতাদের নিজস্ব রাজনৈতিক বক্তব্য। জানা যায়, গত ৪ জুন মেহেরপুর জেলা এনসিপির ১৫ সদস্যবিশিষ্ট জেলা কমিটি ঘোষণা করা হয়। ওই কমিটির উদ্যোগেই এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে উপস্থিত ছিলেন জেলা এনসিপির যুগ্ম সমন্বয়কারী আসিক রাব্বী, সাংগঠনিক সম্পাদক হাসনাত জামান সৈকত, সদস্য রফিকুজ্জামান, মাহাবুব তৌহিদ রবিন, তাজুল ইসলাম, নজরুল ইসলাম, তাজমির ইসলামসহ অন্যান্য নেতাকর্মীরা।

সমাবেশ শেষে নেতাকর্মীরা বিভিন্ন স্লোগান দেন এবং দেশের রাজনৈতিক পরিবেশে সহিংসতার পরিবর্তে শান্তিপূর্ণ সহাবস্থান, মতপ্রকাশের স্বাধীনতা ও গণতান্ত্রিক কর্মসূচি পালনের সুযোগ নিশ্চিত করার দাবি জানান।

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ তিন মাদক কারবারি গ্রেপ্তার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর পূর্বপাড়া গ্রামের তিন রাস্তার মোড় বটতলা এলাকা থেকে ৫ গ্রাম হেরোইনসহ তিন মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গ্রেপ্তারকৃতরা হলেন, মেহেরপুর শহরের স্টেডিয়ামপাড়া এলাকার মৃত জিয়াউর রহমানের ছেলে মো. তামিউর রহমান সোহান (২৩), বামনপাড়া এলাকার মো. তাহাজ উদ্দিন খানের ছেলে মো. তারিকুল ইসলাম (৩৪) এবং মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের মো. বজলুর রহমানের ছেলে মো. নিশাত এলাহী (২৩)।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানার একটি দল বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর পূর্বপাড়া গ্রামের তিন রাস্তার মোড় বটতলা এলাকায় অভিযান চালায়। এ সময় হেরোইন ক্রয়-বিক্রয়ের সঙ্গে জড়িত অবস্থায় ওই তিনজনকে আটক করা হয়।

পরে তাদের তল্লাশি করে তামিউর রহমান সোহানের কাছ থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত হেরোইন জব্দ করা হয়েছে।

পুলিশ জানায়, এ ঘটনায় গ্রেপ্তারকৃত তিনজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। তাদের আদালতে সোপর্দ করা হবে।

এদিকে, এলাকাবাসী মাদকবিরোধী অভিযানে পুলিশের এ পদক্ষেপকে ইতিবাচক হিসেবে দেখছেন। পুলিশ জানিয়েছে, মাদক নির্মূলে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

মেহেরপুরে মেয়র প্রার্থী সোহেল রানা ডলারের গণসংযোগ

আসন্ন মেহেরপুর পৌরসভা নির্বাচনকে সামনে রেখে সম্ভাব্য মেয়র প্রার্থী মো. সোহেল রানা ডলারের নেতৃত্বে পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডে সাধারণ মানুষের সঙ্গে কুশল বিনিময় ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গণসংযোগকালে তিনি স্থানীয় বাসিন্দাদের সঙ্গে মতবিনিময় করেন এবং তাদের খোঁজখবর নেন। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজউদ্দিন খান, ২ নম্বর ওয়ার্ডের সম্ভাব্য কাউন্সিলর প্রার্থী ইঞ্জিনিয়ার তাওফিকুল ইসলামসহ পৌর শাখার অসংখ্য নেতাকর্মী।

গণসংযোগে নেতৃবৃন্দ স্থানীয় বাসিন্দাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং এলাকার বিভিন্ন বিষয়ে মতামত শোনেন।

গাংনীতে স্বাস্থ্য বিভাগের অভিযানে প্রাইভেট হাসপাতাল বন্ধ ঘোষণা

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে অভিযান চালিয়েছে স্বাস্থ্য বিভাগ।

অভিযানে অনিয়ম ও লাইসেন্স (সনদ) নবায়ন না থাকায় গাংনী শহরের হাসিনা প্রাইভেট হাসপাতাল অ্যান্ড সনো ডায়াগনস্টিক সেন্টারের সব কার্যক্রম এবং মোল্লা ডায়াগনস্টিক সেন্টারের এক্স-রে বিভাগ সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।

বুধবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদের নেতৃত্বে স্বাস্থ্য বিভাগের একটি দল এ অভিযান পরিচালনা করে।

অভিযান সূত্রে জানা যায়, হাসিনা প্রাইভেট হাসপাতাল অ্যান্ড সনো ডায়াগনস্টিক সেন্টার ২০১৯ সাল থেকে প্রতিষ্ঠানের লাইসেন্স (সনদ) নবায়ন ছাড়াই কার্যক্রম পরিচালনা করে আসছিল। এছাড়া প্রতিষ্ঠানটির বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ রয়েছে। স্বাস্থ্য বিভাগের অভিযানের খবর পেয়ে প্রতিষ্ঠানটির কর্মচারীরা সেটি বন্ধ করে সেখান থেকে চলে যান। পরে স্বাস্থ্য বিভাগ প্রতিষ্ঠানটির সব কার্যক্রম সাময়িকভাবে বন্ধ ঘোষণা করে।

এদিকে, মোল্লা ডায়াগনস্টিক সেন্টারে অনিয়মের অভিযোগে এক্স-রে বিভাগ সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। তবে প্রতিষ্ঠানটির অন্যান্য সাধারণ স্বাস্থ্যসেবা কার্যক্রম চালু থাকবে বলে জানানো হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদ বলেন, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। পরিদর্শনে বিভিন্ন অনিয়মের প্রমাণ পাওয়ায় আইনানুগ ব্যবস্থা হিসেবে হাসিনা প্রাইভেট হাসপাতাল অ্যান্ড সনো ডায়াগনস্টিক সেন্টারের সব কার্যক্রম এবং মোল্লা ডায়াগনস্টিক সেন্টারের এক্স-রে বিভাগ সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।

অভিযানে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. একরামুল হক, জেলা স্যানিটারি ইন্সপেক্টর নিজাম উদ্দীন এবং গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান উপস্থিত ছিলেন।

অসহায় জীবন কাটাচ্ছেন প্রতিবন্ধী সজীব

মাত্র ২১ বছর বয়সে বদলে যায় সজীবের জীবন। এক সুবহে সাদিকের সময় ঘুম থেকে উঠে তিনি অনুভব করেন, শরীরে আর কোনো শক্তি নেই। সেই থেকেই শুরু হয় তার প্রতিবন্ধী জীবন।

সুস্থ হওয়ার আশায় যশোর, রাজশাহী ও ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে চিকিৎসা নিলেও তার অবস্থার স্থায়ী কোনো উন্নতি হয়নি। চিকিৎসকদের মতে, তাকে আমৃত্যু ওষুধ সেবন করতে হবে। এরই মধ্যে তার শরীরের বিভিন্ন স্থানে ঘা-পাচড়ার মতো অজ্ঞাত একটি রোগও দেখা দিয়েছে, যা তার দুর্ভোগ আরও বাড়িয়ে দিয়েছে।

শারীরিক প্রতিবন্ধকতা ও দারিদ্র্যের কারণে ভেঙে পড়েছে তার পারিবারিক জীবনও। দীর্ঘদিন আগেই স্ত্রী তাকে ছেড়ে চলে গেছেন। বর্তমানে তিনি অন্যের সহযোগিতার ওপর নির্ভর করেই জীবনযাপন করছেন।

সরকারি প্রতিবন্ধী কার্ড পাওয়ার আশায় নিজেকে প্রতিবন্ধী হিসেবে আবেদন করেছিলেন সজীব। কিন্তু আবেদন করার প্রায় তিন বছর পেরিয়ে গেলেও উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ের চূড়ান্ত তালিকায় তার নাম অন্তর্ভুক্ত হয়নি।

সর্বশেষ দারিয়াপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য রাসেল আহমেদকে সঙ্গে নিয়ে তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে যান। এ বিষয়ে ইউপি সদস্য রাসেল আহমেদ বলেন, প্রতিবন্ধী কার্ড না হওয়ার কারণ জানতে চাইলে ইউনিয়ন সমাজকর্মী রবিউল ইসলাম জানান, বিষয়টি সম্পর্কে উপজেলা সমাজসেবা কর্মকর্তাই বিস্তারিত বলতে পারবেন।

এ বিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসানের কাছে আবেদনটি বাতিল হওয়ার কারণ এবং প্রতিবন্ধী ভাতার পে-রোলে নাম অন্তর্ভুক্তির বিষয়ে জানতে চাইলে তিনি আনুষ্ঠানিক কোনো বক্তব্য দিতে রাজি হননি।

এদিকে সজীবের মানবিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে সুশাসনের জন্য নাগরিক (সুজন)। সংগঠনটির দাবি, সজীবের শারীরিক অবস্থা যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করে তিনি যদি প্রতিবন্ধী সনদের যোগ্য হন, তবে দ্রুত তার নামে প্রতিবন্ধী সনদ ও কার্ড প্রদানের উদ্যোগ নেওয়া উচিত।